দৈনিক বাংলা

তারিখ ... ৫-৫-৮৫ ...
পৃষ্ঠা ... ... ১ কলাম ... ১ ...



# জন প্রশাসন প্রশিক্ষণকেন্দ্র উদ্বোধন

(স্টাফ রিপোর্টার)

সাভার, ৩রা মে (বাসস)।— প্রেসিডেন্ট ও প্রধান সামরিক আইন প্রশাসক লেঃ জেনারেল এইচ এম এরশাদ আজ এখানে জনপ্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র উদ্বোধন করেন। এ কেন্দ্র জনপ্রশাসন প্রশিক্ষণে উন্নত কর্মসূচী প্রণয়ন ও সেগুলো বাস্তবায়নে তাৎপর্যপূর্ণ ভূমিকা পালন করবে বলে তিনি তার উদ্বোধনী ভাষণে আশা প্রকাশ করেন।

তিনি বলেন, দেশ স্বাধীন হবার পর জনপ্রশাসনের প্রেক্ষাপটই পুরো-

(১১-এর পৃঃ দ্রঃ)

## প্রশিক্ষণকেন্দ্র উদ্বোধন

(প্রথম পৃঃ পর)

পুরি পাল্টে গেছে। তিনি আরো বলেন, স্বাধীন দেশের চাহিদা পূরণে এবং ঔপনিবেশিক ব্যবস্থার পরিবর্তন সাধনের জন্য আমরা জনপ্রশাসনকে জনগণের দোর-গোড়ায় নিয়ে গেছি।

সংস্থাপন মন্ত্রী মেজর জেনারেল মহব্বত জান চৌধুরী, সংস্থাপন সচিব জনাব এ এফ এম এহসানুল কবির, প্রকল্প পরিচালক জনাব এইচ টি ইমাম এবং এ কেন্দ্রের রেক্টর ডঃ শেখ মাকসুদ আলী এ অনুষ্ঠানে বক্তৃতা করেন।

এ অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপ-প্রধান সামরিক আইন প্রশাসক এয়ার ভাইস-মার্শাল সুলতান মাহমুদ, মন্ত্রীবর্গ, কূটনীতিকবৃন্দ এবং পদস্থ বেসামরিক ও সামরিক কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

প্রেসিডেন্ট বলেন, কর্মকর্তাদের জনসেবার মনোবৃত্তি চর্চা এবং জনগণের আস্থা অর্জন করতে হবে।

তিনি বলেন, জনপ্রশাসকদের দক্ষতা ও যোগ্যতার উপরই সরকারের নীতি বাস্তবায়নের সফলতা এবং ব্যর্থতা অনেকখানি নির্ভর করে। প্রশিক্ষণের উপরই আবার দক্ষতা ও যোগ্যতা নির্ভর করে।

প্রেসিডেন্ট বলেন, জনগণের সমস্যাবলী গভীরভাবে অনুধাবন করাই সরকারী কর্মচারীদের প্রধান কাজ।

জনপ্রশাসকদের পরিচালনা পদ্ধতি পরিবর্তনের প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করে প্রেসিডেন্ট এরশাদ বলেন, ফাইলের স্তূপ ও সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব এসব সমস্যা দূর করার পন্থা বের করতে হবে।

এ কেন্দ্রের আরো চারটি আঞ্চলিক কেন্দ্র এবং প্রয়োজনবোধে প্রতি জেলায় উপকেন্দ্র স্থাপন করা হবে জেনে তিনি সন্তোষ প্রকাশ করেন।

নানাবিধ অসুবিধা থাকা সত্ত্বেও এ নয়া প্রতিষ্ঠান গড়ে তোলার কাজে সহায়তার জন্য তিনি কোটা, নিপা, বিএএসসি, এসটিআই এবং সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীদের ধন্যবাদ জানান।

নির্ধারিত সময়ের এক বছর আগে এ কেন্দ্র চালুর উপযোগী করার জন্য প্রেসিডেন্ট এরশাদ প্রকল্প বাস্তবায়ন অফিস, গণপূর্ত বিভাগ এবং সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের প্রশংসা করেন। সংস্থাপন মন্ত্রী মেজর জেনারেল মহব্বতজান চৌধুরী বলেন, এ কেন্দ্র চালু হওয়ায় নতুন, পুরনো ও পদস্থ কর্মকর্তাদের সবাই তাদের জ্ঞান এবং অভিজ্ঞতা সমৃদ্ধ করার আধুনিক সুযোগ-সুবিধা পাবেন।

জনপ্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ঢাকা থেকে ১৪ মাইল দূরে অবস্থিত। ৫৪ দশমিক ২৬ একর জুড়ে এর বিস্তৃতি। এটা নির্মাণের ব্যয় ৩৫ কোটি টাকা। এর দুটি প্রধান ভবন একটি প্রশাসনিক এবং অপরটি আবাসিক।

পরে প্রেসিডেন্ট প্রশাসনিক ভবনের নাম ফলক উন্মোচন করেন এবং এটি ঘুরে দেখেন ও এ ভবনের সামনে একটি গাছের চারা রোপণ করেন।